
# মার্টিন ঋুথার ঈশ্বরের লোকদের বাইবেল পাঠ করতে দিয়েছিলেন

**প্রার্থনাঃ** "প্রিয় প্রভু, শিশুদের বাইবেলের মহান সত্যগুলো গ্রহণ করতে সাহায্য কর যা মার্টিন লুথার লক্ষ লক্ষ বিশ্বাসীদের মধ্যে মন্দ শিক্ষা সংশোধনের জন্য ঘোষণা করেছিলেন।"

শয়তান বলেঃ




আমরা যখন ঈশ্বরের বাক্যের পরিবর্তে লোকদের সংস্কারের বা প্রথার বিষয় শিক্ষা দিই, তখন আমরা শয়তানকে সুখী করি।

ঐময়ের সুপ্রাপ্যতা এবং শিশুদের বয়সের সঙ্গে মানানসই কার্যকলাপ পছন্দ করুন।

একজন বড় শিশুকে অথবা প্রাপ্ত বয়স্ক লোককে **মার্ক ৭ঃ১-১৩ পদে** বর্ণিত যীশু ফরীশীদের কি বলেছিলেন , সেই গল্পটি বলতে বলুন।

**শিশুদের জিজ্ঞাসা করুন**

- ফরীশীরা ধর্মীয় নেতা ছিলেন। ঈশ্বরের আদেশের পরিবর্তে তারা কি শিক্ষা দিতেন?
- লোকদের আদেশের পরিবর্তে কেন আমাদের বাইবেলের শিক্ষা দেওয়া উচিৎ?

**বাইবেলের এক মহান পক্ষ সমর্থনকারী মার্টিন লুথারের গল্পটি নাটকে পরিণত করুন**

- শিশুদের নাটকটি উপস্থাপন করার জন্য আরাধনার নেতাদের সঙ্গে ব্যবস্থা করুন।
- গল্পটির সব অংশগুলো ব্যবহারের প্রয়োজন নেই।
- বড় শিশুদের প্রস্তুতির জন্য ছোট শিশুদের সাহায্য করতে দিন।
- বড় শিশুরা অথবা প্রাপ্ত বয়স্করা লুথার, সাহায্যকারী কর্মকর্তা এবং বর্ণনাকারীর ভূমিকায় অভিনয় করবে।
- ছোট শিশুদের চাষী এবং সৈন্যদের ভূমিকায় অভিনয় করতে দিন।
- বর্ণনাকারী তাঁর অংশটি পাঠ করতে পারেন। "প্রিয় প্রভু, শিশুদের বাইবেলের মহান সত্যগুলো গ্রহণ করতে সাহায্য কর, যা মার্টিন লুথার লক্ষ লক্ষ বিশ্বাসীদের মধ্যে মন্দ শিক্ষা সংশোধনের জন্য ঘোষণা করেছিলেন"।

**অর্ণনাকারীঃ** "লুথার ছিলেন জার্মানীর এক ক্যাথলিক সন্ন্যাসী। আমরা ইতিহাস বই থেকে তার বিষয়ে শিখতে পারি, বাইবেল থেকে নয়, কারণ বাইবেল রচিত হওয়ার অনেক পরে তিনি জীবনযাপন করেছিলেন।"


মার্টিন লুথার

**চাষী ঃ** চারিদিকে হাঁটবে এবং মাতালের অভিনয় করবে, দু একবার টলতে টলতে পড়ে যাবে।

**সাহায্যকারী ঃ** (লুথারের প্রতি) "মার্টিন লুথার, কিছু একটা করুন! আপনি আমাদের পুরোহিত! তেৎজেলের কারণে ঐ চাষীগুলো মাতাল হয়ে যাচ্ছে এবং ইচ্ছে মত মন্দ কাজ করছে।"

**লুথার ঃ** (ক্রুদ্ধভাবে) "কে এই তেৎজেল?"

**সাহায্যকারী ঃ** "তিনি পোপের জন্য সেন্ট পিটার্স ক্যাথিড্রাল নির্মানের নিমিত্ত টাকা তুলতে রোম থেকে এসেছেন। তিনি লোকদের বলছেন যে তারা যদি উদারতার সঙ্গে দান করে, তবে মণ্ডলী (চার্চ) তাদের সকল পাপের ক্ষমা অনুমোদন করবে।"

**লুথার ঃ** "না, না! লোকেরা টাকা দিয়ে তাদের পরিত্রাণ কিনতে পারে না! ঈশ্বরের অনুগ্রহ এবং ক্ষমা রোমের পোপের মাধ্যমে স্বর্গ থেকে আমাদের কাছে নেমে আসে না। আমি একটি প্রতিবাদ পত্র লিখবো এবং পেরেক দিয়ে সেটা প্রার্থনা গৃহের দরজায় আটকে দেব, যাতে সকলে সেটা দেখতে পায়।"(একটিকাগজে লেখার এবং পেরেক বিদ্ধ করার ভাণ করবেন!)

**সাহায্যকারী** ঃ কাগজটা দেখুন। তারপর বলবে, ''আমি এই শব্দগুলো বুঝতে পারছি না। এটা ল্যাটিন ভাষায় লেখা!''

**বর্ণনাকারী** ঃ ''কেউ একজন লুথারের প্রতিবাদটা নকল করে ছাপিয়েছে । সমগ্র ইউরোপে ছড়িয়ে গেছে। শুনুন, পরে মণ্ডলীর কর্মকর্তা লুথারকে কি বলেছিলেন।''

**কর্মকর্তা** ঃ (লুথারের প্রতি) ''রোমের পোপ অত্যন্ত ক্রুদ্ধ হয়েছেন। পবিত্র রোম সাম্রাজ্যের সম্রাটও দাবী করেছেন যে আপনি যা কিছু লিখেছেন তা প্রত্যাহার করে নিতে হবে।''

**লুথার** ঃ ''আমি সবই বাইবেল থেকে লিখেছি। আমি ইহা প্রত্যাহ্যর করতে পারব না।''

**কর্মকর্তা** ঃ ''তবে পোপ আপনাকে মণ্ডলী থেকে বহিষ্কার করবেন। আর, আপনি যদি এইসব লিখতে থাকেন তবে সম্রাট আপনাকে পুড়িয়ে হত্যা করবেন।''

**লুথার** ঃ ''শুনুন, যীশু মার্ক ৭ঃ৬-৯ পদে কি বলেছিলেন। তিনি তাহাদিগকে কহিলেন, কপটীরা, যিশাইয় তোমাদের বিষয়ে বিলক্ষণ ভাববাণী বলিয়াছেন, যেমন লেখা আছে, 'এই লোকেরা ওষ্ঠাধরে আমার সম্মান করে, কিন্তু ইহাদের অন্তঃকরণ আমা হইতে দূরে থাকে। ইহারা অনর্থক আমার আরাধনা করে, মনুষ্যদের আদেশ ধর্ম্মসূত্র বলিয়া শিক্ষা দেয়।' তোমরা ঈশ্বরের আজ্ঞা ত্যাগ করিয়া মনুষ্যদের পরম্পরাগত বিধি ধরিয়া রহিয়াছ। তোমাদের পরম্পরাগত বিধি পালনের নিমিত্ত তোমরা ঈশ্বরের আজ্ঞা বিলক্ষন অমান্য করিতেছ।''

**বর্ণনাকারী** ঃ কর্তৃপক্ষ লুথারকে জোড়পূর্বক সম্রাট কর্তৃক উপস্থাপিত একটি সভায় যোগদান করতে বাধ্য করেছিল।

**সৈন্যগণ** ঃ লুথারের হাত ধরে কর্মকর্তার কাছে এনেছিল।

**কর্মকর্তা** ঃ ''আমাদের কাছে আপনার সমস্ত লেখার কপি আছে! আপনাকে অবশ্যই এই সকল লেখা প্রত্যাহার করতে হবে, এখনি!''

**লুথার** ঃ ''যতক্ষন না আপনারা শাস্ত্র থেকে আমার ভুল দেখাতে পারবেন ততক্ষন আমি সত্য অস্বীকার করতে পারব না। এখানে আমি দাঁড়িয়ে আছি। ঈশ্বর আমাকে সাহায্য করুন!'' ইত্যাদি।


**বর্ণনাকারী** ঃ ''এই পরীক্ষার পর, লুথারের বন্ধুরা তাঁকে দূর্গের মধ্যে লুকিয়ে রাখেন, যাতে সম্রাট তাঁকে হত্যা করতে না পারেন।''

''সেখানেই তিনি প্রথম জার্মানী ভাষায় বাইবেল অনুবাদ করেন।''

''অন্যান্য দেশের বিশ্বাসীগণ লুথারের দৃষ্টান্ত অনুসরণ করেন এবং শিক্ষা দেন যে যারা যীশুকে বিশ্বাস করেন, ঈশ্বর প্রেমের সঙ্গে সেই লোকদের রক্ষা করেন।''

''ইউরোপের অধিকাংশ স্থানেই এই বিষয়টি দ্রুত ছড়িয়ে পড়ে এবং সুসমাচার প্রসার আন্দোলনের জন্ম হয়।''

**মুখস্থ পদ** ঃ গীত ১১৯ঃ১১ পদ ''তোমার বচন আমি হৃদয় মধ্যে সঞ্চয় করিয়াছি, যেন তোমার বিরুদ্ধে পাপ না করি।''



**অঙ্কন** ঃ শিশুদের একটি হৃদয়ের মধ্যে বাইবেলের ছবি আঁকতে দিন। আরাধনায় সময় তারা বড়দের কাছে ছবিগুলো দেখাবে এবং ব্যাখ্যা করবে যে ঈশ্বরের বাক্য ধরে রাখার সবচেয়ে উত্তম উপায় হচ্ছে, মুখস্থ করতে শেখা।

**কবিতা** ঃ তিনজন শিশুকে গীত ১১৯ঃ৯-১১ পদগুলো একটা করে আবৃত্তি করতেদিন।

যুবক কেমন করিয়া নিজ পথ বিশুদ্ধ করিবে?

তোমার বাক্যানুসারে সাবধান হইয়াই করিবে।

আমি সর্ব্বান্তঃকরণে তোমার অন্বেষণ করিয়াছি,

আমাকে তোমার আজ্ঞাপথ ছাড়িয়া ঘুড়িয়া বেড়াইতে দিও না।

তোমার বচন আমি হৃদয়মধ্যে সঞ্চয় করিয়াছি,

যেন তোমার বিরুদ্ধে পাপ না করি।

ঈশ্বরের আজ্ঞাসকল পালনের এবং আমাদের মুখ নির্গত বাক্য যেন শুদ্ধ হয়, সেই বিষয় নিশ্চিত হওয়ার সম্বন্ধে ফরীশীদের সঙ্গে যীশুর কথোপকথনের বিষয় **মার্ক ৭ঃ১-২৩ পদ থেকে বড় শিশুদের কবিতা, গান অথবা সংক্ষিপ্ত নাটক লিখতে িদন।**

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, মার্টিন লুথার এবং অন্যরা যারা শিক্ষা দেন যে আমাদের তুমি ভালবাস বলে আমাদের রক্ষা কর, এবং আমাদের কাজের দ্বারা আমরা স্বর্গে প্রবেশের জন্য ইহা অর্জন করতে পারিনা — আমাদের তাদের মত সাহসী হতে তুমি সাহায্য কর।''

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net